চুয়াডাঙ্গার নবাগত পুলিশ সুপার সঙ্গে গণমাধ্যমকর্মীদের মতবিনিময় সভা

চুয়াডাঙ্গার নবাগত পুলিশ সুপার খন্দকার গোলাম মওলার সঙ্গে গণমাধ্যমকর্মীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার (৯ সেপ্টেম্বর) সকাল সাড়ে ১০টায় পুলিশ সুপার কার্যালয় মিলনায়তনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভার শুরুতেই গণমাধ্যমকর্মীদের সঙ্গে নবাগত পুলিশ সুপারের পরিচয় শেষে স্থানীয় বিভিন্ন বিষয়ে নিয়ে মতবিনিময়ে অংশ নেন চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি ও চ্যানেল আই এবং দৈনিক জনকণ্ঠের জেলা প্রতিনিধি রাজীব হাসান কচি, জিটিভি ও দৈনিক বণিক বার্তার জেলা প্রতিনিধি রিফাত রহমান, চ্যানেল ২৪ ও যায়যায়দিন এবং কালবেলার জেলা প্রতিনিধি রেজাউল করিম লিটন, দৈনিক সংগ্রামের জেলা সংবাদদাতা এফ.এ.আলমগীর, দৈনিক আজকের পত্রিকার জেলা প্রতিনিধি মেহরাব্বীন সানভি, ৭১ টিভির জেলা প্রতিনিধি এম.এ.মামুন, দেশ টিভির জেলা প্রতিনিধি খাইরুজ্জামান সেতু, দীপ্তি টিভির জেলা প্রতিনিধি ও দৈনিক আকাশ খবরের সম্পাদক জান্নাতুল আওলিয়া নিশি, ডিবিসি টিভির জেলা প্রতিনিধি কামরুজ্জামান সেলিম, যমুনা টিভির জেলা প্রতিনিধি জিসান আহম্মেদ, এখন টিভি ও দেশরূপান্তরের জেলা প্রতিনিধি অনিক চক্রবর্তী।

জেলা পুলিশে পক্ষে উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) রিয়াজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার(সদর সার্কেল) আনিসুজ্জামান লালন, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, ডিআইও-১ আবু জিহাদ ফকরুল আলম খান প্রমুখ।

নবাগত পুলিশ সুপার খন্দকার গোলাম মওলা বলেন, চুয়াডাঙ্গার সার্বিক আইন-শৃঙ্খলা সহনশীল রাখার জন্য গণমাধ্যমকর্মীদের বিশেষ সহযোগীতা প্রয়োজন। পুলিশের প্রতি আস্থা ফেরানোর জন্য জেলার সকল মানুষের সহযোগীতা চান তিনি।

দামুড়হুদায় আন্তর্জাতিক সাক্ষরতা দিবসে র্যালি ও আলোচনা সভা

দামুড়হুদায় আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রোববার সকাল সাড়ে ১০টার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে র্যালী শেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা শিক্ষা কর্মকর্তা আবু হাসান।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা নীলিমা আক্তার হ্যাপী, দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মোঃ মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক মোঃ রফিকুল হাসান তনু, উপজেলা জামায়াতে ইসলামীর নায়েবে আমীর মোঃ নায়েব আলী, দামুড়হুদা গার্লস স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ফাহমিদা রহমান, উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা নাসির উদ্দীন, দামুড়হুদা প্রেসক্লাবের যুগ্ম আহ্বায়ক মিরাজুল ইসলাম মিরাজ, দামুড়হুদা সদর ইউনিয়ন জামায়াতে ইসলামীর আমির আবুল বাসার, দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কুতুব উদ্দিন, ফাস্ট মাল্টিমিডিয়া মডেল স্কুলের পরিচালক মাসুম বিল্লাহ, পরিবার পরিকল্পনা পরিদর্শক আতিকুর রহমান, ইসলামিক ফাউণ্ডেশনের মডেল কেয়ার টেকার আসাদুজ্জামান সহ বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা, রাজনৈতিক ব্যক্তিবর্গ, শিক্ষক, শিক্ষার্থীবৃন্দ প্রমুখ।

দামুড়হুদায় উপজেলা প্রশাসনের পক্ষ থেকে ছাতা বিতরণ

দামুড়হুদায় ট্রাফিকের দায়িত্ব পালনকারী শিক্ষার্থীও সাধারণ মানুষের মাঝে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে ছাতা বিতরণ করা হয়। গতকাল রবিবার সকাল ১০ টার দিকে উপজেলা চত্বরে ছাতাগুলো বিতরণ করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা গতকাল দামুড়হুদায় ট্রাফিকের দায়িত্ব পালনকারী শিক্ষার্থীদের ও সাধারণ ভ্যান চালকদের মাঝে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে ছাতা বিতরণ করেন।

এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা দশমী পাড়ার সেলিম বিশ্বাস, জিহাদ, সেন্টু, শিপন আলী, দেউলী গ্রামের বাদশা মিয়া, দামুড়হুদা নতুন বাস্তপুর গ্রামের মিঠু, শফি, হাসিবুল, হাউলী গ্রামের মামুন, চিতলা গ্রামের আবু সাঈদ, জয়রামপুর গ্রামের মিজানুর রহমান (ময়না) সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদার নতিপোতায় জামায়াতের সমাবেশ

বাংলাদেশ জামায়াতে ইসলামী দামুড়হুদা উপজেলার নতিপোতা ইউনিয়ন শাখার উদ্যোগে গতকাল রবিবার বিকাল ৪টায় পোতারপাড়া গ্রামে এক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

উক্ত সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা জামায়াতের আমীর বিশিষ্ট আয়কর আইনজীবি জননেতা রুহুল আমিন, বিশেষ অতিথি সাবেক উপজেলা চেয়ারম্যান মাওলানা আজিজুর রহমান, জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান মোঃ আব্দুল কাদের, ইসলামী ছাত্র শিবিরের চুয়াডাঙ্গা জেলা সভাপতি হাফেজ মোহসিন আলী, দামুড়হুদা উপজেলা জামায়াতের আমীর মোঃ নায়েব আলী, নায়েবে আমীর

মাওলানা নজরুল ইসলাম,নতিপোতা ইউনিয়ন সভাপতি ইসমাঈল হোসেন, রকীবুজ্জামান হেলাল ও মনজুরুল কবির লাভলু প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে জনাব রুহুল আমিন বলেন- স্বৈরাচার আওয়ামীলীগের সরকার অন্যায়ভাবে আমাদের নেতৃবৃন্দ্বের ফাঁসি দিয়েছে, উদ্দেশ্য ছিল যেকোন মূল্যে ক্ষমতায় টিকে থেকে দেশকে ভারতের হাতে তুলে দেবে। এই স্বৈরাচার এমন এক শাসন ব্যবস্থা কায়েম করেছিল, যে ব্যবস্থায় শতশত বেনজীর তৈরী হয়েছিল। আওয়ামীলীগের লীডারদের বাড়ীতে ২৫ শত কোটি টাকা পাওয়া গেছে। অপর দিকে আমরা জামায়াতে ইসলামী মানবতার কল্যাণ সাধন করার জন্য যোগ্য মানুষ তৈরী করতে চাই। আপনারা দেখেছেন ৫ আগস্টের পর আমরা মন্দির,গীর্জা, প্যাগোডা, ব্যবসা কেন্দ্র পাহারা দিয়েছি।

আমরা বলি কে আওয়ামীলীগ করে, কে হিন্দু কে খ্রীস্টান, কে বৌদ্ধ, সেটা বিবেচ্য বিষয় নয় বরং আমরা বলি সে বাংলাদেশের নাগরিক কিনা সেটাই বিবেচ্য বিষয়। যদি তাই হয় তবে তার অধিকার প্রতিষ্ঠার জন্য আমরা কাজ করবো। রসাতলে যাওয়া দেশটাকে আমরা নতুন করে গড়তে চাই। আমরা নতুন প্রজন্মকে সঠিক পথ দেখাতে চাই। আমরা সম্প্রতি আন্দোলনে নিহত ও আহত ছাত্র জনতার জন্য, বন্যা কবলিত মানুষের জন্য পাশে দাড়িয়ে কোটি কোটি টাকা সহায়তা দিয়েছি। আমরা সামাজিক যেকোন সমস্যায় আপনাদের পাশে দাড়িয়ে সহায়তার হাত বাড়াতে চাই।

জামায়াতে ইসলামী রাজনীতি করে নিজেদের ভাগ্য বদলের জন্য নয়, ডাকাতি করার জন্য নয়, খাল বিল দখলের জন্য নয় বরং জামায়াতে ইসলামী রাজনীতি করে জনগনের সেবা করে আল্লাহর সন্তুষ্টি অর্জন করার জন্য। ভোটের অধিকার, ভাতের অধিকার ফিরিয়ে দেরার জন্য। তিনি আগামীদিনের নতুন বাংলাদেশ গড়তে তাই সকলকে জামায়াতের ছায়াতলে আসার আহবান জানান।

দামুড়হুদা পুরাতন বাস্তপুর

ঐতিহ্যবাহী গাদি খেলা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার পুরাতন বাস্তপুর গ্রামে হারিয়ে যাওয়া ঐতিহ্যবাহী গাদি খেলা অনুষ্ঠিত হয়েছে। খেলায় ৮ টি দল অংগ্রহন করেন। আজ শনিবার পুরাতন বাস্তবপুর গাদি একাদশ ক্লাবের আয়োজনে এই খেলা অনুষ্ঠিত হয়।

খেলার প্রথম দিনের চারটি দল অংশগ্রহণ করেন কুষ্টিয়া কুমারখালী একাদশ, কুষ্টিয়া দৌলতপুর একাদশ, মেহেরপুর গাংনী একাদশ, পুরাতন বাস্তপুর একাদশ।

কুষ্টিয়া কুমারখালী একাদশ বনাম পুরাতন বাস্তপুর একাদশ ও কুষ্টিয়া দৌলতপুর একাদশ বনাম মেহেরপুর গাংনী একাদশ খেলা অনুষ্ঠিত হয়। উভয় দলকে হারিয়ে খেলার প্রথম রাউন্ডে কুষ্টিয়া দৌলতপুর একাদশ ও পুরাতন বাস্তবপুর একাদশ চ্যাম্পিয়ন হয়।

পুরাতন খেলা নতুন করে জাগ্রত হওয়ায় এলাকার আবালবৃদ্ধ সকলে খেলা দেখার জন্য ভিড় জমায়।গাদি খেলাটি পরিচালনা করেন আক্তারুজ্জামান লাভলু ও আবুল বাসার।

আলমডাঙ্গায় নেশার টাকা না পেয়ে বাবাকে হত্যার ৪ দিনপর অর্ধগলিত মরদেহ উদ্ধার

আলমডাঙ্গায় নেশাদ্রব্য কেনার টাকা না দেওয়ায় ছেলে শিশির আহম্মেদের বিরুদ্ধে তার বাবা বীরমুক্তিযোদ্ধা আব্দুস সোবহানকে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে।

নিহত আব্দুস সোবহান একজন সাবেক নৌ বাহিনীর কর্মকর্তা ছিলেন। আজ শনিবার দুপুরে পৌর এলাকার থানাপাড়ার নিজ বাড়ি থেকে অর্ধগলিত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

এঘটনায় আজ শনিবার দুুপুরে অভিযুক্ত শিশির আহম্মেদকে ও তার মা চায়না খাতুনকে জিজ্ঞাসাবাদের জন্য হেফাজতে নিয়েছে পুলিশ। গত বুধবার রাতে পারিবারিক কোলাহলে জেরে এ হত্যাকান্ডের ঘটনা ঘটতে পারে বলে স্থানীয়রা জানিয়েছে।

জানা গেছে, গত ৩ সেপ্টেম্বর মঙ্গলবার দুুপুরে নিহত আব্দুস সোবহান ব্যাংক থেকে মুক্তিযোদ্ধার ভাতা তোলেন। ওই দিন রাতেই তার ছেলের সাথে শিশিরের গোলোযোগ বাধে। পরে দিন বুধবার টাকা চাওয়াকে কেন্দ্র করে বাবা ও ছেলে দুজনের মধ্যে দিনভর হট্রগোল চলে। ওই দিন মাঝ রাতে আব্দুস সোবহানের আত্নচিৎকার শোনেন এলাকাবাসী। এরপর থেকে নিহত সোবহানকে বাইরে দেখেনি প্রতিবেশীরা। শনিবার দুপুরে বাড়ির দ্বিতল ভবন থেকে পচা গন্ধ বের হয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে নিহতের অর্ধগলিত লাশ উদ্ধার করে।

নিহতের ভাইয়ের মেয়ে গুলশান আরা বলেন, তার চাচা ভাই শিশির বখাটে ও নেশাগ্রস্থ ছিল। কোনো কাজকর্ম করত না। নেশার টাকা জোগাতে না পেয়ে তার বাবার সঙ্গে ঝগড়ার এক পর্যায়ে মাথায় ও শরীরের বিভিন্ন জায়গায় আঘাত করে। তিনি চিকিৎসার অভাবে মারা গেলেও তার (চাচা) সোবহানের কেউ খোঁজখবর নেয়নি। পরে শনিবার দুপুরে পচা গন্ধ পেয়ে পুলিশ এসে মরদেহ উদ্ধার করেন।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ গণি মিয়া জানান, প্রতিবেশীদের খবরে নিহতের বাড়ি থেকে অর্ধগলিত মরদেহ উদ্ধার করা হয়েছে। সোবহানের লাশ ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।

আলমডাঙ্গায় নিখোঁজের ৩৬ ঘন্টাপর বৃদ্ধার ভাসমান মরদেহ উদ্ধার

আলমডাঙ্গায় নিখোঁজের ৩৬ ঘন্টাপর ভাসমান অবস্থায় আবুল কালাম (৬৫) নামের এক বৃদ্ধার মরদেহ উদ্ধার করা হয়েছে।

আজ শনিবার সকাল সাড়ে ৬ টার দিকে উপজেলার ডাউকি ইউনিয়নের সাতকপাট নামক এলাকার জিকে খাল থেকে ভাসমান লাশটি উদ্ধার করা হয়।

নিহত ওই বৃদ্ধার নাম আবুল কালাম (৬৫)। তিনি পৌর এলাকার কাঁচাবাজার পাড়ার প্রয়াত আব্দুল মজিদের ছেলে।

স্থানীয় ও প্রত্যক্ষদর্শীরা জানান, গত বৃহস্পতিবার সন্ধ্যায় এক নারীকে বাঁচাতে জিকে খালের পানিতে বৃদ্ধা আবুল কালাম ঝাঁপ দেন। তিনি উপস্থিত মানুষের সহযোগীতায় ওই নারীকে উদ্ধার করেন। তবে খালের পানির স্রোতে তিনি ভেসে নিখোঁজ হন। খবর পেয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীরা উদ্ধার অভিযান চালায়। ওই দিন রাতেই খুলনা ফায়ার সার্ভিসের ৬ সদস্য অভিজ্ঞ ডুবুরি দল নিখোঁজ বৃদ্ধাকে উদ্ধারে টানা ২৪ ঘন্টা অভিযান চালায়।

ডাউকি গ্রামের বাসিন্দা হাসেম আলী নামের এক কৃষক জানান, আজ শনিবার সকালে জিকে খালে জাল পাততে আসি। এসময় পানিতে তীব্র দুর্গন্ধ এক ব্যক্তির লাশ ভাসতে দেখে এলাকাবাসী ফায়ার সার্ভিসকে খবর দেয়। খবর পেয়ে আলমডাঙ্গা গণত্রাণ কমিটির সদস্য ও ফায়ার সার্ভিস স্টেশনের কর্মীদের সহযোগিতায় খাল থেকে ভাসমান লাশটি উদ্ধার করে। পরে খবর পেয়ে নিহতের স্বজনরা এসে লাশের পরিচয় নিশ্চিত করে।

আলমডাঙ্গা ফায়ার সার্ভিসের ষ্টেশন অফিসার আব্দুল্লাহ আল মামুন জানান, গত বৃহস্পতিবার রাত ১১টা থেকে শুক্রবার রাত ৯ পর্যন্ত মরদেহ উদ্ধার অভিযান চালানো হয়েছে। টানা ১৫ ঘণ্টা পরও নিখোঁজ ব্যক্তির খোঁজ মেলেনি। খালের পানি বেশি থাকা ও পাশে জঙ্গল থাকায় উদ্ধার কাজ কিছুটা ব্যহত হয়েছিল। খালের প্রায় ৩ কিলোমিটার জায়গা জুড়ে অনুসন্ধান চালানো হয়েছে।

তিনি আরও বলেন, উদ্ধার এলাকা থেকে আরও ১ কিলোমিটার দুর থেকে আজ শনিবার সকালে ওই বৃদ্ধার ভাসমান লাশ উদ্ধার করা হয়েছে।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) শেখ গণি মিয়া জানান, গত দুদিন নিহত ব্যক্তি খালের পানিতে নিখোঁজ ছিলেন। সকালে ফায়ার সার্ভিসের কর্মীরা লাশ উদ্ধার করে। পুলিশ ঘটনাস্থল থেকে লাশের সুরতহাল সংগ্রহ করেছে।

তিনি আরও বলেন, সুরতহালের সময় লাশের গায়ে কোনো আঘাতের চিহ্ন পাইনি। পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ না থাকায় লাশ হস্তান্তর

করা হয়েছে।

দামুড়হুদার বোয়ালমারি গ্রামে কৃষকের আম গাছ কাটে ফেলার অভিযোগ

দামুড়হুদার নাটুদা ইউনিয়নের বোয়ালমারি গ্রামের কৃষক সোহারাব আলীর জমিতে থাকা আম গাছ কেটে ফেলার অভিযোগ উঠেছে। আজ শুক্রবার এ বিষয়ে ভুক্তভোগী মেহেরপুরে সেনাবাহিনীর নিকট লিখিত অভিযোগ করেছেন।

ভুক্তভোগীর লিখিত অভিযোগ সুত্রে জানাগেছে, মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার রশিকপুর গ্রামের রতন শেখ, নাঈম শেখ ও তৌওমিল শেখের নিকট ২০০৭ সালে কবলা দলিলে ১.০০ একর জমি ক্রয় করে দামুড়হুদা উপজেলার বোয়ালমারি গ্রামের সোহারাব আলী। আর সেই সময় থেকেই তিনি ভোগ দখল করে আছেন। কিন্তু গত পরশু তারা জমিতে প্রবেশ করে আম গাছ কর্তন করে। এছাড়া জমিতে থাকা ঘাসও কেটে নিয়ে গেছে।

এ বিষয়ে ভুক্তভোগী সোহরাব আলীর ছেলে ফারুক হোসেন অভিযোগ করে বলেন আমার বাবা তাদের কাছ থেকে জমি ক্রয় করে। কিন্তু ২০২১ সালে তারা হয়রানি মূলক মামলা করে। বর্তমানে মামলা বিচারাধীন। বর্তমানে ওই জমিতে পুকুর খনন করার চেষ্টা করছে তারা। এ বিষয়ে মেহেরপুর সেনাবাহিনীর নিকট একটি লিখিত অভিযোগ করা হয়েছে বলে জানান সোহারাব আলীর ছেলে মোঃ ফারুক।

আলমডাঙ্গা ইসলামী আন্দোলন উপজেলা শাখার গণ-সমাবেশ অনুষ্ঠিত

ইসলামী আন্দোলন বাংলাদেশ, আলমডাঙ্গা উপজেলা শাখার গণ-সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকেল ৩ টার দিকে আলমডাঙ্গা পুরাতন বাসস্ট্যান্ড (স্বাধীনতা স্তম্ভ ৭১) মোড়ে ইসলামী আন্দোলন বাংলাদেশ আলমডাঙ্গা উপজেলা শাখার সভাপতি মাওঃ আকরাম হোসাইন সাইরাফী এর সভাপতিত্বে বিশাল গণ-সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামী আন্দোলন বাংলাদেশ, চুয়াডাঙ্গা জেলা শাখার সিনিয়র সহ-সভাপতি মাওঃ জহুরুল ইসলাম আজিজী।

গণসমাবেশে প্রধান অতিথি তার বক্তবে বলেন, পীর সাহেব চরমোনাই ৯ দফা ঘোষণা বাস্তবায়নে তারা জনমত গড়ে তুলবেন। তাদের এজেন্ডার ভিতরে রয়েছে বিগত সরকারের সকল মন্ত্রী-এমপি এবং নেতাকর্মীদের সম্পদের হিসাব নিতে হবে। সকল সম্পদ রাষ্ট্রীয় কোষাগারে জমা দিতে হবে। দুর্নীতিগ্রস্থ যে সকল নেতাকর্মীরা রয়েছে তাদের নির্বাচন করার বৈধতা বাতিল করতে হবে। আগামী নির্বাচনে সংখানুপাতিক (পি.আর) পদ্ধততে নির্বাচন দিতে হবে। কেননা পি.আর পদ্ধতি ছাড়া জনগণের রায়ের সঠিক মূল্যায়ন করা সম্ভব হয় না।তিনি আরও বলেন- দেশ দ্বিতীয়বারের মতো স্বৈরাচার মুক্ত হলেও এখনো কিছু মানুষ স্বৈরাচারী ভূমিকায় অবতীর্ণ হয়েছে। স্বৈরাচার শাসকের সময় যেরকমভাবে বিভিন্ন হাটবাজার, খাল-বিল, স্টিমারঘাট, লঞ্চঘাট লুটপাট করে খেত, এখন একদল স্বার্থান্বেষী সেই ভূমিকায় অবতীর্ণ হয়েছে। প্রধান বক্তা অধ্যাপক মাহবুবুর রহমান বলেন ভারত এক স্বৈরাচারকে এদেশের মসনদে বসিয়ে দেশের জনগণের উপর যেরকমভাবে অত্যাচারের স্টিম রোলার চালিয়েছিল জনগণ দেরিতে হলেও সেটা প্রতিহত করেছে। এক্ষেত্রে ভারত চরমভাবে হতাশ হয়েছে। হতাশা থেকে প্রতিশোধ স্বরুপ ভারত আমাদের উপর পানি আগ্রাসন চালিয়েছে। কিন্তু দেশের সর্বস্তরের জনতা যেভাবে বন্যার্তদের পাশে দাঁড়িয়েছেন। বাংলাদেশ সেনাবাহিনীর কর্মরত প্রত্যেক সদস্য, বাংলাদেশ পুলিশ সদস্য তাদের একদিনের আয় এবং অনেকে বন্যার্তদের সহযোগিতায় গাড়ি ভাড়া ফ্রি, বিভিন্ন প্রতিষ্ঠান তাদের স্টাফদের এক দিনের আয় দান

করেছেন। তেমনিভাবে দেশের মানবিক সংগঠনগুলো নিজেদের সর্বোচ্চ দিয়ে মানবতার পাশে দাঁড়িয়েছেন। জনতা স্বতঃস্ফূর্তভাবে এ মানবতার সাহায্যের কাজে ঝাঁপিয়ে পড়েছেন এবং ভারতের পানি আগ্রাসনের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়েছেন। আমি এই জনতাকে সাধুবাদ জানাই। তবে লক্ষণীয় বিষয় হলো জনতার ঐক্যবদ্ধ হওয়াতে ভারতকে আরো হতাশায় নিমজ্জিত হতে দেখা যাচ্ছে।”

জেলা শ্রমিক আন্দোলনের সাধারণ সম্পাদক মাওঃ সাইফুল ইসলামের সঞ্চালনায় সমাবেশে বক্তৃতা করেন, ইসলামী আন্দোলন বাংলাদেশ, আলমডাঙ্গা উপজেলা শাখার সভাপতি মাওলানা আকরাম হোসাইন সাইরাফী, সিনিয়র সহ সভাপতি আমিনুল হক, সেক্রেটারী ডা. ওয়ালিদ হোসেন জোয়ার্দার, সাংগঠনিক সম্পাদক ফারুক হোসেন, সদস্য মীর শফিকুল ইসলাম, ইসলামী আন্দোলন বাংলাদেশ, খাসকররা ইউনিয়নের সভাপতি মাওঃ আব্বাস উদ্দিন, আইলহাস ইউনিয়নের সেক্রেটারী মাও. জাহিদ হাসান, শাখার উপদেষ্টা মাওঃ আব্দুস সুবহান, নাগদাহ ইউনিয়নের সেক্রেটারী আল মামুন রতন, জেহালা ইউনিয়নের সহ-সভাপতি মুফতি সাজ্জাদুর রহমান, পৌর সেক্রেটারী তানভীরুল হক জোসেফ। সমাবেশ শেষে দোয়া ও মোনাজাত পরিচালনা করেন ইসলামী আন্দোলন উপজেলা সদস্য মুফতি সিরাজুল ইসলাম।

সমাবেশে উপস্থিত বক্তারা বলেন, একাত্তরে দেশ স্বাধীন হওয়ার পরেও সঠিক নেতৃত্বের অভাবে দেশ যেরকমভাবে দুর্নীতি থেকে মুক্ত হতে পারে নাই। ঠিক বর্তমানেও ২৪-এ এসেও যদি আমরা নেতা নির্বাচনে ভুল করি তাহলে ৭১ পরবর্তী সময়ের যেরকমভাবে ভুলে মাসুল দিয়েছে আমরা এবারও আমাদের পরবর্তী প্রজন্ম সেই ভুলের মাশুল দিতে হবে। আমরা একই ভুল বারবার করব না। এবার দেশপ্রেমিক জনতাকে সাথে নিয়ে দেশকে নিজেরা গুছিয়ে নেব ইনশাআল্লাহ্।

অন্যান্য বক্তারা স্বৈরাচার শেখ হাসিনা সরকারের বিভিন্ন কর্মকান্ড সমালোচনা করেন। শেখ হাসিনা ভারতে বসে ষড়যন্ত্র করছেন। তার শাসনামলে দেশ থেকে হাজার হাজার কোটি টাকা পাচার হয়েছে। আর সেগুলো উদ্ধার করে টাকা পাচারকারী ও দুর্নীতির সাথে জড়িত ব্যক্তিদের আইনের আওতায় আনার দাবি জানানো হয়। তারা বলেন, অবিলম্বে তার দুর্নীতির শ্বেতপত্র প্রকাশ করতে হবে। ৫ আগস্টে যে সমস্ত পুলিশ সদস্য নিরীহ ছাত্র-জনতার ওপরে গুলি করেছিল তাদেরও শ্বেতপত্র প্রকাশের দাবি জানান বক্তারা। এরপর সংক্ষিপ্ত দোয়ার মাধ্যমে গণ-সমাবেশের কর্মসূচি শেষ হয়।

বিএনপির ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নে মতবিনিময় সভা

বাংলাদেশ জাতীয়তাবাদি দলের ৪৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে দামুড়হুদার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নে মতবিনিময়সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকাল ৪ টার দিকে মদনা মাধ্যমিক বিদ্যালয় চত্তরে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন, ইউনিয়ন বিএনপির সভাপতি শফিউল্লাহ। প্রধান বক্তার বক্তব্য দেন, সাধারণ সম্পাদক আজিবর রহমান।

বিএনপি নেতা কাজি আনোয়ারুল হকের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি ছিলেন, থানা কৃষকদলের যুগ্নআহ্বায়ক আনোয়ার হোসেন, সাধারণ সম্পাদক আক্তার হোসেন, বিএনপি নেতা মামুন রেজা, আশরাফুল হক আনার, আলী আহম্মদ, সিরাজুল ইসলাম, মাসুদ মাস্টার, আবুল কাশেম, মিজানুর রহমান, মুন্তাজ হোসেন, আব্দুর রাজ্জাক, শামসুল আলম মিঠু, বাবলু হক, সেচ্ছাসেবক দলের নেতা তরিকুল ইসলাম সুজন, দর্শনা থানা যুবদলের যুগ্নআহ্বায়ক মনিরুল ইসলাম, যুবদলনেতা উজ্জল, লিটন, আব্দুল্লাহ আল মামুন, জয়নাল, অজিজুল হক, নিশান, ছাত্রদলনেতা ইমাজ উদ্দিন, হাসান আলী, রিফাত আহমেদ, সোহেল, এনামুল প্রমুখ। উপস্থাপনা করেন বাবুল আক্তার ও মাসুদ মাস্টার।